

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়
অভয়নগর, যশোর।
doict.abhaynagar.jessore.gov.bd

উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০২৫ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : আব্দুল্লাহ আল ফারুক
উপজেলা নির্বাহী অফিসার (ভাঃ)
অভয়নগর, যশোর।

সভার তারিখ ও সময় : ৩০ সেপ্টেম্বর ২০২৫, দুপুর ১২.০০ টা

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, অভয়নগর, যশোর।

সভায় উপস্থিতির সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপজেলা আইসিটি কমিটির সভায় সেপ্টেম্বর/২৫ মাসের কার্যক্রম নিয়ে নিম্নলিখিত আলোচনা হয়।

১. ইউডিসির পরিদর্শন সংক্রান্ত:

১.২ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন/ ও অন্যান্য তথ্য:


ক্র: নং	উপজেলা	উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ		ইউডিসি			
		সভা অনুষ্ঠানের তারিখ	সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা	মোট ইউডিসি এর সংখ্যা	ইউ এন ও কর্তৃক পরিদর্শন	ইউ এন ও কর্তৃক দর্শন	অন্যান্য প্রশিক্ষণ
০১	অভয়নগর	৩০/০৯/২০২৫	হ্যাঁ	৮	২	২	-

২. সভার আলোচনা এবং সিদ্ধান্তঃ

ক্র:মি	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১	আইসিটি ডিজিটাল ল্যাব তদারকি সংক্রান্ত।	এ বিষয়ে যেসকল শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ডিজিটাল ল্যাব আছে সেসকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও আইসিটি শিক্ষককে ল্যাব সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ও পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া অত্র উপজেলায় মাত্র ১৪টি আইসিটি ডিজিটাল ল্যাব আছে। ল্যাবের সংখ্যা বৃদ্ধি করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা আইসিটি অফিসার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
২.২	মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত।	প্রতিমাসে কমপক্ষে ০৫/০৭টি মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া কমিটির সদস্যগণ প্রতিমাসে অন্তত ০১টি মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন করে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন কমিটি, উপজেলা আইসিটি অফিসার।
২.৩	উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য:	উপজেলার সকল অফিস ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান, উপজেলা আইসিটি অফিসার ও সকল উদ্যোক্তা
২.৪	উপজেলা পর্যায়ে আয়বর্ধনমূলক ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান।	উপজেলা ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উপজেলা পর্যায়ে “অনলাইনে আয়বর্ধনমূলক ফ্রি-ল্যান্সিং” বিষয়ক প্রশিক্ষণ শীঘ্রই শুরু হবে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আইসিটি অফিসার ও সকল উদ্যোক্তা
২.৫	ডি-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিকরণ	যে সকল অফিসে ডি-নথি সিস্টেম চালু আছে সেসকল অফিসের সকল চিঠিপত্র পত্র জারির মাধ্যমে নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট অফিস প্রধান
২.৬	ইডিসি প্রকল্প কর্তৃক প্রদত্ত ইন্টারনেট কানেকশন সংক্রান্ত তথ্য	এ পর্যন্ত ইডিসি প্রকল্প কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মোট ২৯টি ইন্টারনেট কানেকশন দেওয়া হয়েছে।	উপজেলা আইসিটি অফিসার

২.৮	জনসেবায় Facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:	সকল শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারি অফিসের নামে Facebook আইডি খুলতে হবে এবং Deputy Commissioner Jessore, Uno Abhaynagar Jashore মহোদয়ের Facebook এ Add হতে হবে। তাছাড়া প্রতিদিনের কার্যক্রম ফেসবুকে আপলোড করতে হবে। তাছাড়া নাগরিক সেবাসমূহ Uno Abhaynagar Jashore এর মেসেঞ্জারে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা আইসিটি অফিসার
২.৯	আইসিটি ডিজিটাল ল্যাবের প্রধান শিক্ষক ও আইসিটি শিক্ষককে সভায় উপস্থিত থাকা এবং ল্যাবের কার্যক্রম সংক্রান্ত	১৪(চৌদ্দ)টি আইসিটি ডিজিটাল ল্যাব সমূহের প্রধান শিক্ষকগণ অথবা আইসিটি শিক্ষকগণ নিয়মিত উপজেলা আইসিটি সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া ল্যাবের সকল প্রকার আইসিটি কার্যক্রমের স্থিরচিত্র ও ভিডিও “আইসিটি শিক্ষক গুপ অভয়নগর” WhatsApp গুপে আপলোড এবং পরবর্তী সভায় প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
২.১০	উপজেলা আইসিটি কমিটির কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত	উপজেলা আইসিটি কমিটির কার্যবিবরণী কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আইসিটি অফিসার
২.১১	বিবিধ	উপজেলা আইসিটি কমিটির সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত থাকার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।



৩০-০৯-২০২৫

আব্দুল্লাহ আল ফারুক
উপজেলা নির্বাহী অফিসার(ভাঃ)
অভয়নগর, যশোর

ও

সভাপতি

উপজেলা আইসিটি কমিটি
unoabhaynagar@gmail.com

তারিখ- ৩০/০৯/২০২৫ খ্রি:।

স্মারক নং ৫৬.০৪.৪১০৪.০০০.১৬.০০১.২৫- ৩০

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর।
- ৪। জেলা আইসিটি অফিসার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, যশোর।
- ৫। উপজেলা.....অফিসার, অভয়নগর, যশোর।
- ৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....
- ৭। জনাব
- ৮। অফিস কপি।



৩০-০৯-২০২৫

আহসান কবির
উপজেলা আইসিটি অফিসার
উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়
অভয়নগর, যশোর

ও

সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি